6

আজকের কাগজ

তারিখ ...20 FEB 1993
পৃষ্ঠা ... 2 ... কলাম 2 ...

৮৫/

# ছাত্রদেরকে বিভিন্ন ক্ষেত্রে ভবিষ্যতে নেতৃত্বের যোগ্যতা অর্জন করতে হবে

## —প্রধানমন্ত্রী

সাতক্ষীরা এবং কলারোয়া কলেজ সংসদের নেতারা এবং সাতক্ষীরা জেলা বিএনপি'র নেতারা গতকাল সন্ধ্যায় সুগন্ধায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাত করেছেন।

এ সময় প্রধানমন্ত্রী তার বক্তৃতায় ছাত্র সমাজকে লেখাপড়ার প্রতি মনোযোগী হতে এবং বিভিন্ন ক্ষেত্রে ভবিষ্যত নেতৃত্বের যোগ্যতা অর্জন করতে আহ্বান জানান। বেগম জিয়া জাতীয়তাবাদী ছাত্রদলকে অন্যান্যদের সঙ্গে নিয়ে উন্নয়ন প্রক্রিয়ায় অংশ নিতে উপদেশ দেন। তিনি বলেন, দলের নীতি এবং আদর্শকে উর্ধ্বে তুলে ধরতে হবে তা না হলে কোনো ক্ষেত্রেই স্থায়ী ফল আসবে না।

কলারোয়া কলেজ সংসদের নবনির্বাচিত ভিপি রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার, মহিলা বিষয়কমন্ত্রী তরিকুল ইসলাম, সাংসদ ফরিদা রহমান, সাতক্ষীরা পৌরসভা চেয়ারম্যান এ, জলিল, ডাকসু জিএস খায়রুল কবির খোকন, সাতক্ষীরা জেলা বিএনপি'র প্রেসিডেন্ট এডভোকেট সামসুল হক, সাতক্ষীরা কলেজের ভিপি আমানুল্লাহ আমান, জিএস তোজাম্মেল হোসেন প্রমুখ। খবর বাসস।